

ছাত্রলীগের চার নেতাকর্মী বহিষ্কার

রাজশাহী ব্যুরো

১ মার্চ ২০২৩ ১২:০০ এএম।

আপডেট: ১ মার্চ ২০২৩

০১:০৪ এএম

নতুন সংস্করণ
আমাদের সময়

advertisement

দলীয় কর্মসূচিতে যোগ না দেওয়ায় রাজশাহী কলেজ হোস্টেলের ২৫ শিক্ষার্থীকে পেটানোর দায়ে ছাত্রলীগের চার নেতাকে বহিষ্কার করা হয়েছে। গত সোমবার রাতে রাজশাহী মহানগর ছাত্রলীগ সভাপতি নূর মোহাম্মদ সিয়াম ও সাধারণ সম্পাদক ডা. মো. সিরাম মুবিন সবুজ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বহিষ্কৃতরা হলেন মহানগর ছাত্রলীগের ত্রাণ ও দুর্যোগবিষয়ক সম্পাদক শাহরুখ আলম, রাজশাহী কলেজ ছাত্রলীগের সাবেক গ্রন্থাগা ও প্রকাশনাবিষয়ক সম্পাদক কাওসার আজম রাফি, রাজশাহী কলেজ ছাত্রলীগের সাবেক সদস্য রাজু আহম্মেদ ও রাজশাহী মহানগর ছাত্রলীগের কর্মী ওয়ালিউর রহমান রিফাত। প্রত্যেককে সব সাংগঠনিক কার্যক্রম থেকে আগামী ছয় মাসের জন্য বহিষ্কার করা হয়।

advertisement

রাজশাহী মহানগর ছাত্রলীগ সভাপতি নূর মোহাম্মদ সিয়াম বলেন- আমরা যারা ছাত্রলীগ করি, সাধারণ ছাত্রদের ভালোর জন্যই করি। তাদের পড়াশোনা এগিয়ে নিতে সহযোগিতা করাই আমাদের কাজ। ছাত্রলীগের প্রতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানেরও এমন দিকনির্দেশনাই ছিল। যারা ছাত্রলীগ করে সাধারণ ছাত্রদের আঘাত করবে বা ক্ষতিগ্রস্ত করবে, তারা অবশ্যই সাংগঠনিক ব্যবস্থার মধ্যে পড়বে। তারা এর আগে এ রকম কাজ করেনি। আমরা তাদের কাউন্সেল করব। তারা যদি তাদের আচরণ শোধরায়, তা হলে অবশ্যই আমরা বহিষ্কারাদেশ তুলে নেব।

গত ২২ ফেব্রুয়ারি দলীয় কর্মসূচিতে যোগ না দেওয়ায় রাজশাহী কলেজ রিপোর্টার্স ইউনিটির (আরসিআরইউ) দুই শিক্ষানবিশ রিপোর্টার শরিফুল ইসলাম ও সাকিবসহ অন্তত ২৫ সাধারণ শিক্ষার্থীকে পেটায় শাহরুখ, রাফি, ইমন, তরিকুল, রাজু, হাসান ও আহসান। পরে ২৩ ফেব্রুয়ারি দুপুরে রাজশাহী কলেজের শিক্ষক মিলনায়তনে রাজশাহী কলেজ রিপোর্টার্স ইউনিটি, রাজশাহী সাংবাদিক ইউনিয়ন (আরইউজে) ও রাজশাহী টেলিভিশন জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (আরটিজেএ) নেতাদের নিয়ে অনুষ্ঠিত যৌথ সভায় অভিযুক্তদের বহিষ্কারে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেওয়া হয়।